দৈনিক ইনকিলাব

22

তারিখ NOV. 1 8 1999
পৃষ্ঠা ৭ কলাম ৪

## খুলনা বিআইটি থেকে অপহৃত ছাত্রের টেলিফোনে আকুতি : 'আমাকে বাঁচান'

খুলনা ব্যুরো : অজ্ঞাতস্থান থেকে বিআইটি খুলনার একজন আবাসিক ছাত্র দু'বার টেলিফোন করে তার জীবন বাঁচানোর জন্য আকুতি জানিয়েছেন, 'আমাকে বাঁচান'। গত ১৪ নভেম্বর সন্ধ্যা থেকে সে নিখোঁজ রয়েছে। ধারণা করা হচ্ছে তাকে অপহরণ করা হয়েছে। তবে মুক্তিপণ প্রসঙ্গে সে টেলিফোনে কোন কিছু না বলায় ধারণা করা হচ্ছে যে, তাকে হত্যার উদ্দেশ্যেই আটক রাখা হয়েছে। হতভাগ্য ছাত্রটির পরিবারকে সংবাদ দেয়া হয়েছে। এ ব্যাপারে বিআইটি কর্তৃপক্ষ স্থানীয় খানজাহান আলী থানায় একটি অপহরণ মামলা করেছেন।

মামলার বাদী বিআইটি খুলনা শিক্ষক ডঃ মোঃ কুতুব উদ্দীন ইনকিলাবকে জানান, পুরকৌশল বিভাগের প্রথম বর্ষের ছাত্র আঃ রাজ্জাক গত ১৪ নভেম্বর সন্ধ্যার পর থেকে

৭-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## খুলনা বিআইটি

প্রথম পৃষ্ঠার পর

নিখোঁজ হয়। সে খানজাহান আলী আবাসিক হলের ৩০১ নং রুমের ছাত্র। তার বাড়ী চুয়াডাঙ্গায়। ঐ দিন সন্ধ্যায় রাজ্জাক তার রুমমেট একরাম-এর সাথে ফুলবাড়ী এলাকা থেকে নাস্তা খেয়ে হলে ফেরার পথে নিখোঁজ হয়। গত ১৫ নভেম্বর রাতে হাসান নামের এক ছাত্র হলের টেলিফোন সেটে রাজ্জাকের নিকট থেকে জানতে পারে যে, তাকে অপরিকল্পিত একটি স্থানে একটি বাড়ীতে আটক রাখা হয়েছে। টেলিফোনে সে কান্নাজড়িত কণ্ঠে তাকে উদ্ধারের জন্য অনুরোধ জানায়। এ সময় ঘটনাটি জানাজানি হয় এবং কর্তৃপক্ষের গোচরে আসে। এর আগে পর্যন্ত উক্ত আকরাম তার রুমমেটের এই অন্তর্ধান বা একসাথে খেতে যাওয়ার বিষয়ে কোন কথাই কর্তৃপক্ষ বা অন্য কোন ছাত্র বন্ধু সহপাঠীদের জানায়নি। এদিকে গত মঙ্গলবার বিকেল ৩টায় রাজ্জাক আবার একটি টেলিফোন করে তাকে উদ্ধারের জন্য আকুতি জানায়। সে একথাও বলে যে, শীঘ্রই হত্যার উদ্দেশ্যে তাকে অন্য কোথাও নিয়ে যাওয়া হতে পারে।

বিআইটি কর্তৃপক্ষ খানজাহান আলী থানায় বিষয়টি অবহিত করে গত মঙ্গলবার একটি মামলা দায়ের করে।